



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

অধ্যক্ষ
ইব্রাহীম খাঁ সরকারি কলেজ
ভূঞাপুর, টাঙ্গাইল

শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১৫০

৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২০ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: উচ্চ মাধ্যমিকে একাদশ শ্রেণিতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদানের লক্ষ্যে ই-ভর্তি সহায়তা ব্যবস্থাপনা সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে ভর্তি সহায়তার আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেণিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিকে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান করা হয়।

২. ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য ২০২৩-২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীকে <https://www.eservice.pmeat.gov.bd/admission> লিংকে প্রবেশ করে অনলাইনে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৩. প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের কর্মচারীর সন্তান আর্থিক অনুদান প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে। অন্যান্য ক্ষেত্রে পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২ (দুই) লক্ষ টাকার কম হতে হবে।

৪. প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান ভর্তিতে আর্থিক সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

৫. এমতাবস্থায়, দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ ও ই-ভর্তি সহায়তা সিস্টেম ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে ২৩ নভেম্বর ২০২৩ থেকে ১৮ ডিসেম্বর ২০২৩ খ্রি: তারিখ রাত ১২:০০ টার মধ্যে উক্ত লিংক/ই-ভর্তি সহায়তা ব্যবস্থাপনা পদ্ধতি'র মাধ্যমে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

- ক. দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০; এবং
খ. ই-ভর্তি সহায়তা সিস্টেম ব্যবহার নির্দেশিকা।

২০-১১-২০২৩

মোহাম্মদ আনোয়ার হোসেন পোহাগ

সহকারী পরিচালক

০২-৫৫০০৪২৮

ad.stipend@pmeat.gov.bd

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১৫০/১ (১৩)

৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২০ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল জেলা প্রশাসক;
- ২। অধ্যক্ষ, সকল সরকারি/বেসরকারি কলেজ;
- ৩। সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৪। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৫। জেলা, শিক্ষা অফিসার (সকল);
- ৬। সকল উপজেলা নির্বাহী অফিসার;
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১০। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১২। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এবং
- ১৩। ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।



সকল সংযুক্তিসমূহ:

- (১) ভর্তি সহায়তা নির্দেশিকা-২০২০
- (২) ভর্তি সহায়তা ব্যবহার নির্দেশিকা

২০-১১-২০২০

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক